

|     |           |     |             |  |
|-----|-----------|-----|-------------|--|
| ৮।  | ঠাকুরগাঁও | ১   | ৩০,০০০/-    | মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৭৬০, তারিখ-৩০-০৮-২০১৬           |
| ৯।  | খুলনা     | ১   | ৩০,০০০/-    | মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৭৭৬, তারিখ- ০৬-০৯-১৬।           |
| ১০। | বাগেরহাট  | ৮   | ২,৪০,০০০/-  | মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৭৬১, তারিখ-৩০-০৮-২০১৬।          |
| ১১। | ঝিনাইদহ   | ৫০  | ১৫,০০,০০০/- | মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৭৭৭, তারিখ-০৬-০৯-২০১৬।          |
| ১২। | নড়াইল    | ১   | ৩০,০০০/-    | মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৭৬৫, তারিখ-৩০-০৮-২০১৬।          |
| ১৩। | মেহেরপুর  | ১   | ৩০,০০০/-    | মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৬৯৪, তারিখ-২১-০৭-২০১৬ ও ৬-৯-১৬। |
|     |           | ১৬৬ | ৪৯,৮০,০০০/- |  |

- ০২। ছাড়কৃত ৪৯,৮০,০০০/- (উনপঞ্চাশ লক্ষ আশি হাজার) টাকা চলতি ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেটে ৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫ 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' কার্যক্রম ৫৯০০ সাহায্য মঞ্জুরি ৫৯২৫ কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত ২১৯৬০৫.৮৪ লক্ষ (দুই হাজার একশত ছিয়ানব্বই কোটি পাঁচ লক্ষ চুরাশি হাজার) টাকা হতে মিটানো হবে।
- ০৩। ছাড়কৃত ৪৯,৮০,০০০/- (উনপঞ্চাশ লক্ষ আশি হাজার) টাকা সারণীতে বর্ণিত সংশ্লিষ্ট জেলার নামের পার্শ্বে প্রদর্শিত সম্মানী ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা মোতাবেক সর্বমোট ১৬৬ জন মুক্তিযোদ্ধার মাঝে বিতরণের জন্য অনুরোধ জানানো হল;
- ০৪। সংশ্লিষ্ট জেলার পার্শ্বে প্রদর্শিত (১ম কিস্তির ১ম কোয়ার্টার) ও বরাদ্দকৃত অর্থ (জুলাই ২০১৬ থেকে সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত তিন মাসের জন্য) বিতরণের/উত্তোলনের জন্য সকল জেলা প্রশাসকগণের নিকট অথরিটি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল (সারণীর কলাম ৪ অনুসারে)। জেলা প্রশাসকগণ তার জেলার অনুকূলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে জেলা হিসাবরক্ষণ কার্যালয় থেকে উত্তোলনপূর্বক সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা হিসাব' খুলে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;
- ০৫। সম্মানী ভাতা পরিশোধে সকল আর্থিক বিধি-বিধান ও সরকারি নিয়মাচার অনুসরণ করতে হবে। অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- ০৬। এ মন্ত্রণালয় থেকে ০২-০৯-২০১৫ তারিখে জারীকৃত ৩৪০ সংখ্যক পরিপত্র ও ২৫ এপ্রিল ২০১৬ তারিখের ৬০০ সংখ্যক স্মারক অনুসারে যাচাই-বাছাইঅন্তে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ নিশ্চিত করার অনুরোধের পরও লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমানাদি যথাযথভাবে যাচাই/প্রমান ব্যতিরেকেই ভাতা প্রদান করা হচ্ছে; ভাতা বিতরণের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কমিটি/ভাতা বিতরণকারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ০৭। ১৫/১০/২০১৬ তারিখের মধ্যে জেলার অনুকূলে ছাড়কৃত ১ম কিস্তির অর্থের ব্যয় বিবরণী ও সমন্বয় হিসাব প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল;
- ০৮। সরকারি অনুদানের অর্থ ব্যাংক হিসাবে অব্যবহৃত আছে কি-না সে বিষয়ে আর্থিক শৃঙ্খলা ও সঠিক হিসাবায়নের লক্ষ্যে অডিট করতঃ প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- ০৯। সম্মানী ভাতা বিতরণ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এই অর্থ ব্যয় করা যাবে না;
- ১০। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণের ক্ষেত্রে কোন ভাবেই অগ্রিম ভাতা প্রদান করা যাবে না এবং প্রতি মাস শেষে মুক্তিযোদ্ধাদের অনুকূলে মুক্তিযোদ্ধার ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে ;
- ১১। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪ তম সভার সিদ্ধান্ত অনুসারে ভারতীয় তালিকা, লাল মুক্তিবর্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত প্রকৃত মুক্তিযোদ্ধার সঠিকতা নির্ণয়ের বিষয়টি পুনরায় উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত হয়েছে। সে প্রেক্ষিতে ভারতীয় তালিকা, লাল মুক্তিবর্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা/পোষ্যদের কোন রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পেতে হলে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে এ যাবৎ গ্রহণকৃত সকল সুযোগ-সুবিধা প্রত্যাপন করতে বাধ্য থাকবেন।
- ১২। মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত নতুনভাবে কোন মুক্তিযোদ্ধাকে সম্মানী ভাতা তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না;

অপর পৃষ্ঠার সদয় দ্রষ্টব্য

